

# ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা ৭ কলেজের শিক্ষার্থীদের



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত সাত কলেজ

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০২ নভেম্বর ২০২৪ | ২০:১১



ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত রাজধানীর সাত কলেজের শিক্ষার্থীরা।

আগামীকাল রোববার ও পরদিন সোমবার দুদিন ক্লাস-পরীক্ষা বর্জন করবেন তারা।

শনিবার (২ নভেম্বর) বিকেলে ঢাকা কলেজ ক্যাফেটেরিয়ায় এক সংবাদ সম্মেলন থেকে এ ঘোষণা দেওয়া হয়েছে।

সংবাদ সম্মেলনে সাত কলেজের প্রতিনিধি, সাত কলেজ সংস্কার আন্দোলনের সংগঠক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে সাত কলেজ নিয়ে প্রেস সচিবের বক্তব্য প্রত্যাহার, সংস্কার কমিটি বাতিল, বিশ্ববিদ্যালয় রূপান্তর কমিশন গঠন ও শিক্ষার্থী প্রতিনিধি যুক্ত করার দাবি জানানো হয়।

আন্দোলনের অন্যতম সংগঠক জাকারিয়া বারী সাগর বলেন, রোববার ও সোমবার সাত কলেজে অভ্যন্তরীণ সব ধরনের অ্যাকাডেমিক কার্যক্রম বন্ধ থাকবে। শিক্ষার্থীরা অ্যাকাডেমিক কোনো ক্লাস পরীক্ষায় অংশ নেবে না। একইসঙ্গে সাত কলেজের সবগুলো ক্যাম্পাসে দাবির পক্ষে বিক্ষোভ কর্মসূচি পালিত হবে। এ সময়ের মধ্যে আমরা সংশ্লিষ্ট সব পক্ষের গতিবিধি পর্যবেক্ষণ করবো। শিক্ষার্থীদের প্রতিপক্ষ কেউই নয়, তাদের প্রতিপক্ষ একটি সিডিকেট। সাত কলেজকে অধিভুক্ত বাতিল করে স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় গঠন করতে হবে।

দেশের বিভিন্ন গুণীজন, শিক্ষাবিদ ও শিক্ষার্থীরা চলমান আন্দোলনে সমর্থন করেছেন উল্লেখ করে দেশের সকল স্তরের মানুষের সমর্থন চান বারী।